# মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ৪৫৮ [আন্তর্জাতিক নাম্বারঃ ৮২১]

১০. কিতাবুল আযান (كتاب الأذان)

পরিচ্ছেদঃ দুই সিজদার মাঝখানে অবস্থান করা

باب الْمُكْثِ بَيْنَ السَّجْدَتَيْنِ

---

আরবী

□□□ـ عَنْ أَنَس بْنِ مَالِكٍ قَالَ: إِنّي لا آلُو أَنْ أُصَلِّيَ بِكُمْ كَمَا رَأَيْتُ النَّبِيَّ. وباقي الحديث تقدم. (بخارى:□□□)

বাংলা

৪৫৮) আনাস বিন মালেক (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেনঃ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে আমি যেভাবে নামায আদায় করতে দেখেছি কোন প্রকার কম-বেশী না করে তোমাদেরকে নিয়ে সেভাবেই নামায পড়ব। হাদীছের বাকী অংশ পূর্বে অতিক্রান্ত হয়েছে।

টিকাঃ হাদীছের অন্যতম রাবী ছাবেত বলেনঃ আনাস বিন মালেক নামাযে এমন কিছু করতেন যা তোমাদেরকে করতে দেখি না। রুকূ হতে মাথা উঠিয়ে তিনি সোজা হয়ে দাঁড়াতেন। তিনি এতক্ষন দাঁড়িয়ে থাকতেন যে, লোকেরা মনে করত তিনি হয়ত সিজদায় যেতে ভুলে গেছেন এবং দু'সিজদার মাঝেও তিনি এতটা সময় কাটাতেন যাতে লোকেরা মনে করত তিনি হয়ত সিজদা হতে মাথা উঠানোর কথা ভুলে গেছেন।

## English

To sit for a while between the two prostrations

Anas said, "I will leave no stone unturned in making you offer the prayer as I have seen the Prophet (ﷺ) making us offer it."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী □ বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89756

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন